শিশুদের জন্য বাইবেল
নিবেদন করছে

জ্ঞানী রাজা শলোমন

লেখক: Edward Hughes

চিত্রাংকন: Lazarus

অভিযোজন: Ruth Klassen

অনুবাদক: Manab Biswas

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2017 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

রাজা দায়ূদ ঈশ্বরের এক মহান লোক ছিল। রাজা শৌলের সময়কাল থেকে রাজা দায়ুদের সময়কাল দশগুণ বেশি বৃদ্ধি পেয়েছিল।

কিন্তু তিনি এখন আর শাসন করতে পারলেন না। দায়ূদ বৃদ্ধ, ক্লান্ত ও অসুস্থ হয়ে পড়েছিল। তাঁর জীবনের স্থায়িত্ব ক্ষণিকের দিন মাত্র।

দায়ূদের
অনেক পুত্রের মধ্যে
একজন, আদোনিয়
ইস্রায়েলীয়দের বলল,
এখন সে রাজা হবে।
যদিও তার নামের মানে
ছিল “আমার প্রভু
ঈশ্বর”। আদোনিয়
খুব ভালো লোক
ছিল না।

সে রাজসিংহাসন চুরি করতে চেয়েছিল। সে জানত যে, এটিকে বাধা দেওয়ার জন্য দায়ূদ খুবই দুর্বল। কিন্তু ঈশ্বরের অন্য একটি পরিকল্পনা ছিল।

দায়ূদের স্ত্রী বৎশেবা জানত যে, তার সন্তান শলোমনের রাজা হওয়া উচিত। সে দায়ূদকে আদোনিয়ের পরিকল্পনার কথা বলল।

অসুস্থ অবস্থায় দায়ূদ তার নেতাদের একত্রিত করল এবং জনতার সামনে শলোমনকে ইস্রায়েলের রাজা হিসাবে অভিষিক্ত করল।

আদোনিয়ের সাথে শলোমনের আর কোনও সমস্যা হয়নি, কারণ ইস্রায়েলের লোকেরা দায়ূদকে বিশ্বাস করত। দায়ূদ তাদের বলল যে, শলোমন রাজা হওয়ার জন্য ঈশ্বর তাকে মনোনীত করেছেন। এর কিছু সময় পর দায়ূদ মারা গেলেন।





দায়ূদ মারা যাবার আগে, তিনি শলোমনকে ঈশ্বরের বাধ্য হওয়া ও ভালো রাজা হওয়ার বিষয় বলেছিলেন। দায়ূদ তার ছেলেকে বলল, “ঈশ্বরের পথে চল, আর তুমি যা করবে, ওটাই তোমাকে সাফল্য দেবে”।



এটা একটা ভালো উপদেশ ছিল। তারপর শলোমন তার পিতা দায়ূদের আসনে বসল এবং তার রাজ্য দৃঢ়ভাবে স্থাপন করল।

এক রাতে শলোমন এক স্বপ্ন দেখল, স্বপ্নে ঈশ্বর তার কাছে নেমে এলেন এবং বললেন, “বল! আমি তোমাকে কী দেব? তুমি কী চাও?”

শলোমন ভালো রাজা হওয়ার জন্য জ্ঞান চাইল। নবনিযুক্ত রাজার অনুরোধে ঈশ্বর খুশি হলেন।

শলোমন যা চেয়েছিল, তাই পেলেন, কিন্তু ঈশ্বর তাকে প্রতিজ্ঞা করেছিলেন যে, তিনি ধনবান ও সম্মানীয় রাজা হবেন।

শলোমনের জ্ঞানের কথা জানতে লোকদের বেশি সময় লাগেনি। একদিন, দু’জন মা একটি শিশুকে নিয়ে তার কাছে এল। এক মহিলা বলল, “এই মহিলার পুত্র রাতেই মারা গিয়েছিল এবং জীবন্ত শিশু পাওয়ার জন্য সে তার মৃত শিশুকে পরিবর্তন করেছে”।

অন্য মহিলাটি বলল, “না! জীবন্ত শিশুটি আমার ও মৃতটি তোমার পুত্র”।

সেই শিশুটির সত্যিকারের মা কে, তা কেমন করে রাজা বললেন?

রাজা বললেন, "আমার কাছে একটি তরবারি আন"। সুতরাং তারা রাজার কাছে একটি তরবারি নিয়ে এল। তুমি কী ভাবছ, রাজা সেই তরবারিটা নিয়ে কী পরিকল্পনা করেছিল?



রাজা বলল, “শিশুটিকে দুইভাগে ভাগ কর, একজনকে অর্ধেক দাও, আর অন্যজনকে অর্ধেক দাও”। জীবন্ত শিশুটির মা বলল, “ওহে আমার প্রভু, শিশুটিকে ওকেই দিয়ে দিন এবং ওকে হত্যা করবেন না”।

কিন্তু অন্যজন বলল, “না আমার থাকুক, না তোমার, কিন্তু শিশুটিকে ভাগ করুন”।

সুতরাং রাজা শিশুটি প্রথম মহিলাটিকে দিল, সেই প্রকৃত মা। সমস্ত ইস্রায়েল এই বিচারটা শুনল এবং তারা কৃতজ্ঞতার সাথে রাজাকে সম্মান করতে লাগল। তারা দেখল যে, ঈশ্বরের জ্ঞান তার মধ্যে ছিল।

ঈশ্বরের উপাসনা করার
জন্য ইস্রায়েলীয়দের
কোনও মন্দির ছিল না।



যখন দায়ূদ এটা বানানোর পরিকল্পনা করছিল, ঈশ্বর বললেন, “তোমার সন্তান আমার নামের জন্য গৃহ বানাক”। সুতরাং শলোমন জেরুশালেমে একটি বিস্ময়কর মন্দির বানানো শুরু করলেন।

মন্দিরটা বানাতে লম্বা সাত বছর সময় লেগেছিল, কিন্তু সেই মহান দিন এল, যখন তিনি সবাইকে একত্রিত করে ঈশ্বরের মন্দির উৎসর্গ করলেন।



এক আশ্চর্যজনক প্রার্থনার পর, রাজা আর তার লোকেরা হাজার বলিদান দিলেন
এবং এক বিরাট ভোজ প্রায় দুই সপ্তাহ ধরে চলেছিল।



এর পরে ঈশ্বর
আবার শলোমনের
কাছে উপস্থিত হলেন
এবং প্রতিজ্ঞা করলেন যে,
সে ও ইস্রায়েল
যতদিন তাঁর বাধ্য
থাকবে, ততদিন তিনি
তাদের আশীর্বাদ করবেন।

দুঃখজনকভাবে, না শলোমন, না ইস্রায়েলের লোকেরা সবসময় ঈশ্বরের বাধ্য হয়েছিল। রাজা এমন অনেক মহিলাকে বিয়ে করেছিল, যা ঈশ্বর কখনও চাননি।

তার প্রিয় স্ত্রীরা তার হৃদয়কে প্রতিমা পূজা করতে উৎসাহিত করেছিল এবং তার হৃদয় তার বাবা দায়ূদের মতো ঈশ্বর প্রভুর প্রতি বিশ্বস্ত ছিল না।

শলোমন যখন ঈশ্বরের বাধ্য হওয়ার সুযোগটা নষ্ট করল, তার এক আধিকারিক যারবিয়ামের এক অদ্ভুত অভিজ্ঞতা হয়েছিল। এক ভাববাদী তাকে বললেন, ঈশ্বর

... ভাগ করবেন এবং বারোটা জাতির মধ্যে যারবিয়াম দশটা জাতিকে শাসন করবেন। যারবিয়াম তাড়াতাড়ি মিশরে পালিয়ে গেল। সে জানত যে, যদি সে সেখানে থাকে, তাহলে শলোমন তাকে হত্যা করবে।



অবশেষে, শলোমন মারা গেলেন।
তার পুত্র রহবিয়াম শলোমনের থেকেও বাজেভাবে লোকদের কাছ দিয়ে কর আদায় করত।
দশটা জাতি তার বিরুদ্ধে বিদ্রোহ করল ...



... এবং যারবিয়ামকে তাদের নেতা হিসাবে বেছে নিল। শলোমনের মহান রাজত্ব দুই ভাগে ভাগ হয়ে গল, যেমন ঈশ্বরের ভাববাদী বলেছিলেন। ঈশ্বর অবাধ্যতাকে আশীর্বাদ করেন না।

জ্ঞানী রাজা শলোমন

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

১রাজাবলি ১-১২

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন:

প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!

যোহন ৩:১৬